

তৃতীয় অধ্যায়

মূল্য, মজুরি ও কর্মসংস্থান

[মূল্য, মজুরি ও কর্মসংস্থান এই তিনটি চলক যে কোন অর্থনীতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ নির্দেশক হিসেবে বিবেচিত হয়ে থাকে। ভোক্তা মূল্যসূচক দ্বারা মূল্যস্ফীতির ব্যাখ্যা করা হয়। ভোক্তা মূল্যসূচক অনুসারে ২০০৫-০৬ সালকে ভিত্তি বছর ধরে ২০১৪-১৫ অর্থবছরে জাতীয় পর্যায়ে মূল্যস্ফীতির হার দাঁড়ায় ৬.৪১ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ৭.৩৫ শতাংশ। চলতি ২০১৫-১৬ অর্থবছরের এপ্রিল পর্যন্ত গড় মূল্যস্ফীতির হার দাঁড়িয়েছে ৬.০১ শতাংশ। এ সময়ে পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় খাদ্য মূল্যস্ফীতি ১.৬৮ পার্সেন্টেজ পয়েন্ট হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ৫.১০ শতাংশ। মূল্যস্ফীতি সহনীয় পর্যায়ে রাখার জন্য সরকার খাদ্য সরবরাহ ব্যবস্থা নির্বিঘ্ন রাখার পাশাপাশি বাংলাদেশ ব্যাংক কর্তৃক সতর্ক মুদ্রানীতি গ্রহণ করা হয়েছে। বিবিএস কর্তৃক পরিচালিত সর্বশেষ শ্রমশক্তি জরিপ, ২০১৩ অনুযায়ী ১৫ বছর বয়সের উর্ধ্বে অর্থনৈতিকভাবে কর্মক্ষম শ্রমশক্তি ৬.০৭ কোটি। এ শ্রমশক্তির মধ্যে ৫.৮০ কোটি (পুরুষ ৪.১২ কোটি এবং মহিলা ১.৬৮ কোটি) বিভিন্ন পেশায় নিয়োজিত রয়েছে। পূর্ববর্তী শ্রমশক্তি জরিপ, ২০১০ এর তুলনায় সর্বশেষ শ্রমশক্তি জরিপ, ২০১৩-এ কৃষি খাতে নিয়োজিত মোট শ্রমশক্তি ২.২ পার্সেন্টেজ পয়েন্ট হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ৪৫.১ শতাংশ। বাংলাদেশের মজুরি হার সূচক (ভিত্তি বছর ২০১০-১১) অনুসারে নামিক (Nominal) মজুরি হার সূচক ২০১১-১২ অর্থবছর থেকে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত ক্রমাগত বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশের মোট শ্রমশক্তির একটি অংশ বিদেশে কর্মরত। ২০১৪-১৫ অর্থবছরে মোট ৪.৬১ লক্ষ লোক কর্মসংস্থান নিয়ে বিদেশ গমন করেছে। চলতি অর্থবছরের প্রথম আট মাসে ৪.৩৮ লক্ষ কর্মী বিদেশ গমন করেছে। ২০১৪-১৫ অর্থবছরে প্রবাসী কর্মীরা মোট ১৫,৩১৬.৯১ মিলিয়ন মার্কিন ডলার রেমিটেন্স দেশে পাঠিয়েছেন। উল্লেখ্য, চলতি ২০১৫-১৬ অর্থবছরের প্রথম নয় মাসে ১১,০৫৩.৪৩ মিলিয়ন মার্কিন ডলার রেমিটেন্স দেশে প্রেরিত হয়েছে যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় ১.৮২ শতাংশ কম। বিদেশে কর্মরত মোট শ্রমিকের ৭০ শতাংশেরও বেশি মধ্যপ্রাচ্যে কর্মরত। কিন্তু এ অঞ্চলের সাম্প্রতিক রাজনৈতিক অস্থিরতা বাংলাদেশের উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। জনশক্তি রপ্তানি নির্বিঘ্ন করার প্রয়াসে বোয়েসলকে শক্তিশালী করা হয়েছে। রেমিটেন্স প্রবাহকে নির্বিঘ্ন রাখার জন্য জি-৮-জি পর্যায়ের কর্মী প্রেরণ, প্রবাসী কল্যাণ ব্যাংক স্থাপন, বেসরকারি রিক্রুটিং এজেন্সির মাধ্যমে বাংলাদেশি কর্মী প্রেরণের বিষয়ে জি ৮ জি প্লাস চুক্তি স্বাক্ষর, বহির্গমন প্রক্রিয়ার আধুনিকায়ন, বিদেশে শ্রম উইং এর সংখ্যা বৃদ্ধি, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আওতায় ওয়েজ আনার্স ওয়েলফেয়ার বোর্ড গঠনের মত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।]

ভোক্তা মূল্যসূচক ও মূল্যস্ফীতি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ভোক্তার দৈনন্দিন জীবন যাত্রায় ব্যবহৃত খাদ্য ও খাদ্য-বহির্ভূত পণ্য ও সেবা সামগ্রীকে অন্তর্ভুক্ত করে জাতীয় ভোক্তা মূল্যসূচক (CPI) প্রণয়ন করে থাকে। ২০০৫-০৬ অর্থবছরকে ভিত্তি বছর ধরে বর্তমান জাতীয় ভোক্তা মূল্যসূচক প্রকাশ করা হচ্ছে। ২০০৫-০৬ অর্থবছরে পরিচালিত খানা আয়-ব্যয় জরিপ (Household Income and Expenditure Survey, 2005-06) হতে এ মূল্যসূচকে ব্যবহৃত সূচক-বুড়ির (Index basket) পণ্য ও ভার (Weight) নেয়া হয়েছে। জরিপে প্রাপ্ত গ্রামীণ অধিবাসীদের ভোগ্যপণ্যের তালিকা ও নগর এলাকার অধিবাসীদের ভোগ্যপণ্যের তালিকা ব্যবহার করে যথাক্রমে সার্বিক গ্রামীণ (All rural) মূল্যসূচক এবং সার্বিক নগর (All urban) মূল্যসূচক নির্ণয় করা হয়। অতঃপর গ্রামীণ ও নগর এলাকার ভোগ-ব্যয়ের ভিত্তিতে ভারিত গড়ের মাধ্যমে (Weighted average) জাতীয় পর্যায়ে ভোক্তার মূল্যসূচক নির্ণয় করা হয়। সকল মূল্যসূচক খাদ্য ও খাদ্য-বহির্ভূত এ দু'ভাগে ভাগ করা হয়েছে, যা আরও কতিপয় উপভাগে বিভক্ত। বাংলাদেশে ভোক্তা মূল্যসূচক থেকে মূল্যস্ফীতি নিরূপণ করা হয়। সারণি ৩.১ ও লেখচিত্র ৩.১ -এ ২০০৬-০৭ অর্থবছর থেকে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত জাতীয় ভোক্তা মূল্যসূচক ও মূল্যস্ফীতির গতিধারা দেখানো হলোঃ


সারণি ৩.১: জাতীয় ভোক্তা মূল্যসূচক ও মূল্যস্ফীতি

(ভিত্তি বছর ২০০৫-২০০৬=১০০)

	২০০৬-০৭	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫
সাধারণ সূচক (মূল্যস্ফীতি)	১০৯.৩৯ (৯.৩৯)	১২২.৮৮ (১২.৩০)	১৩২.১৭ (৭.৬০)	১৪১.১৮ (৬.৮২)	১৫৬.৫৯ (১০.৯১)	১৭০.১৯ (৮.৬৯)	১৮১.৭৩ (৬.৭৮)	১৯৫.০৮ (৭.৩৫)	২০৭.৫৮ (৬.৪১)
খাদ্য সূচক (মূল্যস্ফীতি)	১১১.৬৩ (১১.৬৩)	১৩০.৩০ (১৬.৭২)	১৪০.৬১ (৭.৯১)	১৪৯.৪০ (৬.২৫)	১৭০.৪৮ (১৪.১১)	১৮৩.৬৫ (৭.৭২)	১৯৩.২৪ (৫.২২)	২০৯.৭৯ (৮.৫৬)	২২৩.৮০ (৬.৬৮)
খাদ্য-বহির্ভূত সূচক (মূল্যস্ফীতি)	১০৬.৫১ (৬.৫১)	১১৩.২৭ (৬.৩৫)	১২৭.৩৬ (৭.১৪)	১৩০.৬৬ (৭.৬৬)	১৩৮.৭৭ (৬.২১)	১৫২.৯৪ (১০.২১)	১৬৬.৯৭ (৯.১৭)	১৭৬.২৩ (৫.৫৫)	১৮৬.৭৯ (৫.৯৯)

উৎস: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

লেখচিত্র ৩.১: জাতীয় পর্যায়ে মূল্যস্ফীতি



ভোক্তা মূল্যসূচক অনুসারে ২০১৪-১৫ অর্থবছরে জাতীয় পর্যায়ে মূল্যস্ফীতির হার ৬.৪১ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ৭.৩৫ শতাংশ। উক্ত সারণি থেকে দেখা যাচ্ছে যে, ২০০৭-০৮ অর্থবছরে মূল্যস্ফীতির হার সর্বোচ্চ ১২.৩০ শতাংশে পৌঁছায় যা ২০১৪-১৫ অর্থবছরে হ্রাস পেয়ে সর্বনিম্ন ৬.৪১ শতাংশে দাঁড়ায়। এ সময়ে খাদ্য-বহির্ভূত মূল্যস্ফীতির হার খাদ্য মূল্যস্ফীতির চেয়ে বেশ কম ছিল। উল্লেখ্য, ভোক্তা মূল্যসূচকে শহর এবং গ্রামীণ এলাকার জন্য খাদ্য ও খাদ্য-বহির্ভূত অংশের পৃথক পৃথক ভার (Weight) ব্যবহার করা হয়েছে।

চলতি ২০১৫-১৬ অর্থবছরে জুলাই মাসে পয়েন্ট-টু-পয়েন্ট ভিত্তিতে মূল্যস্ফীতির হার ছিল ৬.৩৬ শতাংশ। বর্তমান সরকার মূল্যস্ফীতির চাপ প্রশমনের লক্ষ্যে চাল, ডাল, তেলসহ নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্যের মূল্য জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে স্থিতিশীল রাখার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে। এ প্রেক্ষাপটে প্রবৃদ্ধি সহায়ক, অন্তর্ভুক্তিমূলক ও বিনিয়োগবান্ধব-সতর্ক মুদ্রানীতি গ্রহণ করা হয়েছে। এ মুদ্রানীতির উদ্দেশ্য হল মুদ্রার যোগান প্রবৃদ্ধি নিশ্চিত করা, দেশজ উৎপাদনে সরকার নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন এবং গড় ভোক্তা মূল্যস্ফীতি ৬.২ শতাংশে নামিয়ে আনা। এরই ফলে নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্যের মূল্য চলতি বছরের জুলাই মাসের তুলনায় পূর্ববর্তী ৯ মাসে বেশ কিছুটা নেমে আসে। এপ্রিল, ২০১৬-এ মূল্যস্ফীতির হার দাঁড়িয়েছে ৫.৬১ শতাংশে। এ সময়ের ব্যবধানে খাদ্য মূল্যস্ফীতি জুলাই ২০১৫ এর ৬.০৭ শতাংশ থেকে হ্রাস পেয়ে এপ্রিল, ২০১৬-এ দাঁড়িয়েছে ৩.৮৪ শতাংশে। কিন্তু একই সময়ে খাদ্য-বহির্ভূত মূল্যস্ফীতি কিছুটা বৃদ্ধি পেয়ে এপ্রিল, ২০১৬-এ দাঁড়িয়েছে ৮.৩৪ শতাংশে যা জুলাই, ২০১৫-এ ছিল ৬.৮০ শতাংশ। চলতি অর্থবছরের এপ্রিল পর্যন্ত গড় মূল্যস্ফীতির হার দাঁড়িয়েছে ৬.০১ শতাংশে। মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ)-তে ২০১৫-১৬ অর্থবছরের মূল্যস্ফীতি ৬.২ শতাংশ হতে পারে বলে প্রাক্কলন করা হয়েছে। ২০১৫-১৬ অর্থবছরের মাসভিত্তিক মূল্যস্ফীতির ধারা সারণি ৩.২ —এ দেয়া হলো:

সারণি ৩.২ঃ ২০১৫-১৬ অর্থবছরের মাসভিত্তিক মূল্যস্ফীতির (Point to point) ধারা

(ভিত্তি বছর ২০০৫-০৬=১০০)

পর্যায়	মূল্যস্ফীতির ধরণ	২০১৪-১৫	জুলাই'১৫	আগস্ট'১৫	সেপ্টে.'১৫	অক্টো.'১৫	নভে.'১৫	ডিসে.'১৫	জানু.'১৬	ফেব্রু.'১৬	মার্চ'১৬	এপ্রিল'১৬	গড় মূল্যস্ফীতি (জুলাই-এপ্রিল)
জাতীয়	সাধারণ	৬.৪১	৬.৩৬	৬.১৭	৬.২৪	৬.১৯	৬.০৫	৬.১০	৬.০৭	৫.৬২	৫.৬৫	৫.৬১	৬.০১
	খাদ্য	৬.৬৮	৬.০৭	৬.০৬	৫.৯২	৫.৮৯	৫.৭২	৫.৪৮	৪.৩৩	৩.৭৭	৩.৮৯	৩.৮৪	৫.১০
	খাদ্য-বহির্ভূত	৫.৯৯	৬.৮০	৬.৩৫	৬.৭৩	৬.৬৭	৬.৫৬	৭.০৫	৮.৭৪	৮.৪৬	৮.৩৬	৮.৩৪	৭.৪১
গ্রাম	সাধারণ	৬.২০	৫.৮৮	৫.৭৬	৫.৮৬	৫.৮২	৫.৬১	৫.৮৫	৫.২৯	৪.৭৬	৪.৭৯	৪.৭৫	৫.৪৪
	খাদ্য	৬.৪০	৫.৪৩	৫.৪২	৫.২৬	৫.২৩	৫.০০	৪.৭৬	৩.৬৩	৩.০৪	৩.১৫	৩.১১	৪.৪০
	খাদ্য-বহির্ভূত	৫.৮১	৬.৬৯	৬.৪১	৬.৯৯	৬.৯০	৬.৭৬	৭.১০	৮.৩৭	৭.৯৭	৭.৮২	৭.৮০	৭.২৮
শহর	সাধারণ	৬.৮০	৭.২৮	৬.৯৪	৬.৯৬	৬.৯১	৬.৮৮	৭.০৭	৭.৫৩	৭.২২	৭.২৭	৭.২২	৭.১৩
	খাদ্য	৭.৩১	৭.৫৮	৭.৫৬	৭.৪৭	৭.৪৪	৭.৪২	৭.৪১	৫.৯৬	৫.৪৮	৫.৬১	৫.৫১	৬.৭৪
	খাদ্য-বহির্ভূত	৬.২৪	৬.৯৬	৬.২৬	৬.৩৭	৬.৩৩	৬.২৯	৬.৯৮	৯.২৫	৯.১৪	৯.১২	৯.১১	৭.৫৮

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

মজুরি হার সূচক

১৯৭৪ সাল হতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ১৯৬৯-৭০ অর্থবছরকে ভিত্তি বছর ধরে মজুরি হার সূচক (Wage Rate Index) নির্ণয় করে আসছে। ইতোমধ্যেই ২০১০-১১ অর্থবছরকে ভিত্তি বছর ধরে মজুরি হার সূচক (Wage Rate Index) নির্ণয়ের কার্যক্রম শুরু করা হয়েছে। সারণি ৩.৩- এ পরিবর্তিত ভিত্তি বছর অনুযায়ী ২০১১-১২ অর্থবছর হতে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত মজুরি হার সূচক ও শ্রমিকদের মজুরি প্রবৃদ্ধির হার (পয়েন্ট টু পয়েন্ট) দেয়া হলোঃ

সারণি ৩.৩ঃ মজুরি হার সূচক ও প্রবৃদ্ধির হার

(ভিত্তি বছরঃ ২০১০-১১=১০০)

বছর	নামিক মজুরি হার সূচক				প্রবৃদ্ধির হার (পয়েন্ট টু পয়েন্ট)			
	সাধারণ	কৃষি	শিল্প	সেবা	সাধারণ	কৃষি	শিল্প	সেবা
২০১০-১১	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০				
২০১১-১২	১০৬.২৪	১০৫.৯৬	১০৬.৯২	১০৬.২৩	৬.২৪	৫.৯৬	৬.৯২	৬.২৩
২০১২-১৩	১১২.৬২	১১২.০৮	১১৩.৪৩	১১৩.৬৩	৬.০১	৫.৭৮	৬.০৮	৬.৯৬
২০১৩-১৪	১১৮.৮২	১১৮.৪৪	১১৯.০৭	১২০.১৬	৫.৫০	৫.৬৮	৪.৯৭	৫.৭৫
২০১৪-১৫	১২৪.৬৯	১২৪.৫১	১২৪.৩৮	১২৬.১৫	৪.৯৪	৫.১২	৪.৪৭	৪.৯৮

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

সারণি থেকে দেখা যায় যে, ২০১১-১২ থেকে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত নামিক (Nominal) মজুরি হার সূচক ক্রমাগত বৃদ্ধি পেয়েছে। সারণি হতে আরও লক্ষ্য করা যায় যে, উক্ত সূচক প্রতি অর্থবছরে গড়ে প্রায় ৬ পার্সেন্টেজ পয়েন্ট হিসেবে বৃদ্ধি পাচ্ছে। তবে, ২০১১-১২ অর্থবছরের এ সূচক সর্বোচ্চ পার্সেন্টেজ পয়েন্টে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৬.২৪ শতাংশে যেখানে গত ২০১৪-১৫ অর্থবছরে পুনরায় তা কিছুটা হ্রাস পেয়ে ৪.৯৪ শতাংশে দাঁড়িয়েছে। খাতভিত্তিক মজুরির প্রবৃদ্ধির হার বিশ্লেষণ করলে দেখা যাচ্ছে যে, ২০১৪-১৫ অর্থবছরে পূর্ববর্তী অর্থবছরের তুলনায় কৃষি, শিল্প ও সেবা খাতের মজুরি সূচক কিছুটা হ্রাস পেয়ে দাঁড়িয়েছে যথাক্রমে ৫.১২, ৪.৪৭ এবং ৪.৯৮ শতাংশ।

শ্রমশক্তি ও কর্মসংস্থান

দেশের শ্রমশক্তির সার্বিক চিত্র নিরূপণের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) শ্রমশক্তি জরিপ (Labour Force Survey) পরিচালনা করে থাকে। বিবিএস কর্তৃক প্রকাশিত সর্বশেষ জরিপ “Labour Force Survey – 2013” অনুযায়ী ১৫ বছর বয়সের উর্ধ্বে অর্থনৈতিকভাবে কর্মক্ষম শ্রমশক্তি ৬.০৭ কোটি। এ শ্রমশক্তির ৫.৮০ কোটি (পুরুষ ৪.১২ কোটি এবং মহিলা ১.৬৮ কোটি) বিভিন্ন পেশায় নিয়োজিত রয়েছে। মোট শ্রমশক্তিতে কৃষিজীবীর অংশ পূর্বের তুলনায় কমলেও এখনও সর্বাধিক সংখ্যক শ্রমিক কৃষিখাতে নিয়োজিত (৪৫.১০ শতাংশ)। উল্লেখ্য, “Labour Force Survey – 2010” অনুযায়ী ১৫ বছর বয়সের উর্ধ্বে মোট ৫.৬৭ কোটি শ্রমশক্তির ৫.৪১ কোটি (পুরুষ ৩.৭৯ কোটি এবং মহিলা ১.৬২ কোটি) বিভিন্ন পেশায় নিয়োজিত ছিল, যার মধ্যে সর্বাধিক সংখ্যক শ্রমিক নিয়োজিত ছিল কৃষিখাতে (৪৭.৩ শতাংশ)। এ দুটো জরিপকালে কৃষিতে শ্রমশক্তির হার ২.২ পার্সেন্টেজ পয়েন্ট হ্রাস পেয়েছে। শ্রমশক্তি জরিপ ২০১৩ অনুযায়ী ৪০.৬২ শতাংশ (কৃষিতে ২৫.৫২ শতাংশ ও অকৃষিতে ১৫.১০ শতাংশ) শ্রমশক্তি আত্মকর্মসংস্থানে নিয়োজিত, যা ২০১০ সালের শ্রমশক্তি জরিপ অনুযায়ী ছিল ৪০.৬৭ শতাংশ। লক্ষ্যণীয় যে, এ দুটো জরিপকালে আত্মকর্মসংস্থানে নিয়োজিতদের অবদান প্রায় ০.০৫ পার্সেন্টেজ পয়েন্ট কমেছে। শ্রমশক্তি জরিপ, ২০১৩ অনুযায়ী দিনমজুর ও বিনা মজুরিতে পারিবারিক শ্রমে নিয়োজিতের হার যথাক্রমে ১৫.৫০ শতাংশ ও ১৮.২৪ শতাংশ, যা পূর্ববর্তী জরিপ অনুযায়ী ছিল যথাক্রমে ১৯.৫৯ শতাংশ ও ২১.৮১ শতাংশ। তবে সর্বশেষ পরিচালিত জরিপে নিয়মিত কর্মসংস্থানে নিয়োজিত কর্মীর হার ৫.৮৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২৩.২৩ শতাংশে দাঁড়িয়েছে। ১৯৯৫-৯৬, ১৯৯৯-০০, ২০০২-০৩, ২০০৫-০৬, ২০১০ ও ২০১৩ অর্থবছরের শ্রমশক্তি জরিপ অনুযায়ী বিভিন্ন খাতওয়ারি শ্রমিকের (১৫ বছর বয়সের উর্ধ্বে) অংশ সারণি ৩.৪ –এ দেখানো হলো:

সারণি ৩.৪: শিল্পভিত্তিক খাতওয়ারি শ্রমিকের অংশ

(১৫ বছর বয়সের উর্ধ্বে)

খাত	এলএফএস ১৯৯৫-৯৬	এলএফএস ১৯৯৯-০০	এলএফএস ২০০২-০৩	এলএফএস ২০০৫-০৬	এলএফএস ২০১০	এলএফএস ২০১৩
কৃষি, বনজ ও মৎস	৪৮.৮৫	৫০.৭৭	৫১.৬৯	৪৮.১০	৪৭.৩০	৪৫.১০
খনিজ ও খনন	-	০.৫১	০.২৩	০.২১	০.১৮	০.৪০
ম্যানুফ্যাকচারিং	১০.০৬	৯.৪৯	৯.৭১	১০.৯৭	১২.৩৪	১৬.৪০
বিদ্যুৎ, গ্যাস ও পানি	০.২৯	০.২৬	০.২৩	০.২১	০.১৮	০.২০
নির্মাণ	২.৮৭	২.৮২	৩.৩৯	৩.১৬	৪.৭৯	৩.৭০
বাণিজ্য, হোটেল ও রেস্টুরেন্ট	১৭.২৪	১৫.৬৪	১৫.৩৪	১৬.৪৫	১৫.৫৩	১৪.৫০
পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ	৬.৩২	৬.৪১	৬.৭৭	৮.৪৪	৭.৩৯	৬.৪০
অর্থ, ব্যবসা ও সেবাসমূহ	০.৫৭	১.০৩	০.৬৮	১.৪৮	১.৮৫	১.৩০
পণ্য ও ব্যক্তিগত সেবাসমূহ	১৩.৭৯	১৩.০৮	৬.৩২	৫.৪৯	৬.২৮	৬.২০
স্বাস্থ্য, শিক্ষা, জনপ্রশাসন ও প্রতিরক্ষা	-	-	৫.৬৪	৫.৪৯	৪.২৫	৫.৮০
মোট	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০

উৎস: বিবিএস, লেবার ফোর্স সার্ভে, ১৯৯৫-৯৬, ১৯৯৯-০০, ২০০২-০৩, ২০০৫-০৬ ও ২০১০ ও ২০১৩

শ্রম উন্নয়ন ও কর্মসংস্থানের লক্ষ্যে গৃহীত কতিপয় পদক্ষেপ

‘রূপকল্প -২০২১’ এর আলোকে আগামী ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে রূপান্তরিত করার লক্ষ্যে উচ্চতর প্রবৃদ্ধি অর্জনে সক্ষম একটি দ্রুত বিকাশশীল অর্থনীতির ভিত্তি রচনায় সহায়তাকরণ, শ্রমজীবী মানুষের মৌলিক চাহিদা পূরণ, Sustainable Development Goals (SDG) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী স্বল্প সময়ের মধ্যে দারিদ্র বিমোচন, নারীর ক্ষমতায়ন, যুব সমাজের কর্মসংস্থান সৃষ্টি, জাতীয় শ্রমনীতি পুনঃমূল্যায়ন ও সংশোধন, ন্যূনতম মজুরি পুনঃনির্ধারণ, শিশুশ্রম নিরসন ইত্যাদি চ্যালেঞ্জ চিহ্নিত করে তা সমাধানের কর্মকৌশল হিসেবে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নিম্নবর্ণিত উদ্যোগ বা পদক্ষেপসমূহ গ্রহণ করা হয়েছেঃ

(ক) গার্মেন্টস সেক্টরে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রেখে উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখা ও কমপ্লায়েন্স নিশ্চিতকরণ

- গার্মেন্টস সেক্টরের নিরাপত্তা ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রেখে উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখা ও কমপ্লায়েন্স নিশ্চিত করার লক্ষ্যে একটি ফ্রাইসিস ম্যানেজমেন্ট কোর কমিটি গঠন;
- তৈরি পোশাক শিল্পে নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণ ও কমপ্লায়েন্স বাস্তবায়নের লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে সোসাল কমপ্লায়েন্স ফোরাম ফর আরএমজি নামক আরও একটি কমিটি গঠন;
- ঢাকা ও চট্টগ্রাম অঞ্চলে ২০টি টিমের মাধ্যমে (ঢাকায় ২০টি এবং চট্টগ্রামে ০৩টি) স্থানীয় জনপ্রতিনিধি, প্রশাসন, পুলিশ, র‍্যাভ ও বিভিন্ন গোয়েন্দা সংস্থা, বিজিএমইএ, বিকেএমইএসহ শ্রমিক প্রতিনিধিগণের সমন্বয়ে সার্বিক তদারকির মাধ্যমে মাঠ পর্যায়ে কমপ্লায়েন্স নিশ্চিতকরণ;
- ILO এর সহায়তায় শ্রমিক, মালিক ও শ্রম মন্ত্রণালয়ের যৌথ স্বাক্ষরে তৈরি পোশাক শিল্পে অগ্নি-নিরাপত্তা সংক্রান্ত একটি ত্রিপক্ষীয় জাতীয় কর্মপরিকল্পনা গ্রহণ এবং উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ILO এর অর্থায়নে “Improving Working Conditions in the Ready-Made Garment Sector in Bangladesh” শীর্ষক একটি প্রকল্প গ্রহণ;
- বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশের আওতায় শ্রম পরিদপ্তরের ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের লাইসেন্স প্রদান ও নবায়ন সংক্রান্ত অন-লাইন কার্যক্রম চালু করণ।
- ILO এর সহায়তায় শ্রমিক, মালিক ও শ্রম মন্ত্রণালয়ের যৌথ স্বাক্ষরে তৈরি পোশাক শিল্পে অগ্নি-নিরাপত্তা সংক্রান্ত একটি ত্রিপক্ষীয় জাতীয় কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়। তৈরি পোশাক শিল্পে ভবন নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী National Tripartite Plan of Action on Fire Safety and Structural Integrity in the Ready-Made Garment Sector in Bangladesh গৃহীত হয়েছে। উপরোক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ILO ২৪.৫ মিলিয়ন মার্কিন ডলারের Improving Working Conditions in the Ready-Made Garment Sector in Bangladesh শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে উক্ত প্রকল্পের অধীনে সরকার, BUET, ACCORD ও ALLIANCE এর মাধ্যমে সর্বমোট ২,৭৮৩টি গার্মেন্টস কারখানা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে।

(খ) দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণ

- আর্থ-সামাজিক উন্নয়নের জন্য দেশের বিপুল সংখ্যক জনগোষ্ঠীকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানব সম্পদে পরিণত করার লক্ষ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ইতোমধ্যেই ২৬টি জেলায় ৩২৫.৭৭ কোটি টাকা ব্যয়ে ৪টি প্রকল্পের মাধ্যমে মহিলাদের জন্য ৬টি সহ ২৬টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া মোট ৮২৫.৭২ কোটি টাকা ব্যয়ে “বিভিন্ন জেলায় ৩০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন (২য় সংশোধন)” শীর্ষক প্রকল্পের মাধ্যমে বিভিন্ন জেলায় আরও ৩০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কাজও আগামী ৩০ জুন, ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে সমাপ্ত হবে;
- উক্ত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে শ্রমিকদের দক্ষতা উন্নয়নে দক্ষতাভিত্তিক শিক্ষা ও প্রশিক্ষণে স্বল্প ও মধ্য মেয়াদি সার্টিফিকেট কোর্স এবং ডিপ্লোমা কোর্সের কারিকুলাম যুগপোযোগীকরণ, হাতে-কলমে প্রশিক্ষণ, ল্যাবের ব্যবহার নিশ্চিতকরণ, যোগ্যতা ভিত্তিক প্রশিক্ষণ ও মূল্যায়ন, এ্যাসেসর তৈরি, প্রশিক্ষক প্রশিক্ষণ (Training of Trainer) পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি (Recognition of Prior Learning) শিক্ষানবিশী (Apprenticeship)’র মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান ও শিল্পের সঙ্গে সংযোগ স্থাপনে সেক্টর ভিত্তিক শিল্প দক্ষতা পরিষদ (Industry Skills Council) গঠনসহ দক্ষতা উন্নয়ন সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে ;

- কর্মক্ষেত্রে কাজের গতিশীলতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ঢাকা-চট্টগ্রাম-রাজশাহী-খুলনায় স্থাপিত ৪টি শিল্প-সম্পর্ক শিক্ষায়তন এর মাধ্যমে শ্রমিক-মালিক পক্ষের প্রতিনিধি এবং শ্রম প্রশাসনের সঙ্গে জড়িত কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান ;
- সরকারি বেসরকারি পর্যায়ে দেশে মানব সম্পদের দক্ষতা উন্নয়ন, প্রশিক্ষণ ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যাবতীয় কার্যক্রম বাস্তবায়নের জন্য ৩৬ সদস্য বিশিষ্ট একটি ‘জাতীয় দক্ষতা উন্নয়ন পরিষদ’ গঠন এবং এ কাউন্সিলকে সহায়তা প্রদানের জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল সচিবালয় স্থাপন;
- ‘জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১’ ইতোমধ্যেই অনুমোদন;
- জুলাই, ২০১৪ - ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত মেয়াদে ১,০৫০.৫৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অর্থ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন ‘স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম’ শীর্ষক প্রকল্পের আওতায় বিভিন্ন ট্রেডে ২ লক্ষ ৬০ হাজার প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদানে আর্থিক সহায়তার মাধ্যমে ১ লক্ষ ২০ হাজার কর্মক্ষম জনশক্তিকে কর্মসংস্থান প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। এ লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ, ২০১৬ পর্যন্ত ৪৬ হাজার ৫৫৮ জনকে বিভিন্ন ট্রেডে ভর্তি করা হয়েছে। এ মধ্যে ২৬ হাজার ৭৫৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং তন্মধ্যে ১২ হাজার ৫৭৬ জনকে চাকুরি প্রদান করা হয়েছে।

(গ) শিশু শ্রম নিরসন

শিশুশ্রম নিরসন বর্তমান বিশ্বে একটি স্পর্শকাতর বিষয় হওয়ায় দেশে বিদ্যমান প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক শিল্প কারখানা হতে শিশু শ্রম নিরসনের জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে যার মধ্যে উল্লেখযোগ্য হলোঃ

- জাতীয় শিশু শ্রম নিরসন নীতি, ২০১০ অনুমোদিত এবং এ সংক্রান্ত জাতীয় শিশু শ্রম নিরসন কর্ম পরিকল্পনা প্রণয়ন ;
- আইএলও কনভেনশন ১৮২ অনুসমর্থনের ধারাবাহিকতায় শিশুদের শারীরিক, মানসিক ও নৈতিক বিকাশের অন্তরায় এমন ৩৮টি কাজের তালিকা চূড়ান্তকরণ ;
- শিশু শ্রমিকের পিতা-মাতাকে কর্মসংস্থান সৃষ্টির জন্য ক্ষুদ্র ঋণ প্রদান;
- বাংলাদেশ থেকে নিকৃষ্ট ধরনের শিশুশ্রম নিরসনের জন্য ‘Urban Informal Economy’ শীর্ষক প্রকল্প বাস্তবায়ন।

(ঘ) নারী উন্নয়ন ও প্রশিক্ষণ

দেশের নারী সমাজের উন্নয়ন এবং ব্যাপক কর্মসংস্থানের লক্ষ্যে শ্রম ও কর্মসংস্থান কর্তৃক গৃহীত পদক্ষেপের মধ্যে উল্লেখযোগ্য হলোঃ

- নারী শ্রমিকদের প্রশিক্ষণ, প্রাথমিক স্বাস্থ্য সেবা, সমাজকল্যাণ এবং বিনোদন সুবিধা প্রদানের লক্ষ্যে দেশে ৩০টি সেবা কল্যাণ কেন্দ্র এবং ৪টি শিল্প প্রতিষ্ঠান পরিচালনা;
- ‘বাংলাদেশের ঝুঁকিপূর্ণ কাজ থেকে শিশুশ্রম নিরসন’ শীর্ষক প্রকল্পের মাধ্যমে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত প্রায় ৪,৯৫,০০০ শিশু শ্রমিককে উপানুষ্ঠানিক শিক্ষা এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ শ্রমিক হিসেবে গড়ে তোলা ;
- ৩২৬.২৭ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ৫ বছর মেয়াদী ‘নর্দান এরিয়াস রিডাকশন অব পোভার্টি ইনিশিয়েটিভ’ শীর্ষক প্রকল্পের মাধ্যমে উত্তরবঙ্গের অবহেলিত ৫টি জেলার (লালমনিরহাট, রংপুর, কুড়িগ্রাম,নীলফামারী এবং গাইবান্ধা) মোট ১৪,৪০০ জন দরিদ্র মহিলাকে গার্মেন্টস সেক্টরে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ ;
- নারীর ক্ষেত্রে প্রযোজ্য বৈষম্যমূলক আইনসমূহ সংশোধন,কর্মক্ষেত্রে নারীর নিরাপত্তা বিধান, নারী-বান্ধব কর্ম পরিবেশ ও সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ ।

(ঙ) শ্রমিকের কল্যাণে গৃহীত বিভিন্ন সংস্কারমূলক কার্যক্রম

শ্রমিকদের স্বার্থ সংরক্ষণ ও তাঁদের জীবনমান উন্নয়নের জন্য বর্তমান সরকার বদ্ধপরিকর। অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধির সাথে সাথে শ্রমিকদের সংখ্যা ও সমস্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। তাঁদের কল্যাণার্থে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নিম্নবর্ণিত বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছেঃ

- শ্রমিকদের মানসম্মত জীবন-যাপন নিশ্চিতকরণের লক্ষ্যে বর্তমান সরকার ইতোমধ্যে ৪২টি শিল্পসেক্টরের মধ্যে ৩৫টি শিল্প সেক্টরে ন্যূনতম মজুরি ঘোষণা করেছে। অবশিষ্ট ১০টি সেক্টরে ন্যূনতম মজুরি ঘোষণার বিষয়টি প্রক্রিয়াধীন ;
- সরকার কর্তৃক জাতীয় বেতন কাঠামো, ২০১৫ ঘোষণার পর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক রাষ্ট্রায়ত্ত্ব শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের মজুরি কাঠামো নির্ধারণের জন্য 'জাতীয় মজুরি ও উৎপাদনশীলতা কমিশন ২০১৬' গঠনের প্রস্তাব প্রদান;
- তৈরি পোশাক খাতে ন্যূনতম মজুরি ১,৬৬২ টাকা থেকে ক্রমান্বয়ে ৫,৩০০ টাকায় উন্নীতকরণ এবং এতে শ্রমিকদের গড় মজুরি পূর্বের তুলনায় প্রায় ৩১৮ শতাংশ বৃদ্ধিকরণ ;
- 'ন্যাশনাল অকুপেশনাল হেলথ এন্ড সেফটি পলিসি-২০১৩' জারি ;
- বর্তমান সরকারের 'জাতীয় শ্রমিক নীতি ২০১২' অনুমোদিত ;
- শ্রমিকদের চাকুরির অবসর গ্রহণের বয়সসীমা ৫৭ হতে ৬০ বছরে উন্নীতকরণ;
- কর্মজীবী নারীদের জন্য মাতৃত্বকালীন ছুটি ৪ মাস থেকে ৬ মাসে উন্নীতকরণ;
- বাংলাদেশ শ্রমিক কল্যাণ আইন, ২০০৬ সংশোধন ও যুগোপযোগী করে 'বাংলাদেশ শ্রমিক কল্যাণ (সংশোধন) আইন, ২০১৩' জাতীয় সংসদ কর্তৃক অনুমোদন;
- বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন (সংশোধন) আইন, ২০১৩ জাতীয় সংসদে পাশ এবং এ ফাউন্ডে বর্তমানে ৭০ কোটি টাকা আদায়কৃত ও তা শ্রমিক কল্যাণে ব্যয়করণ;
- গার্মেন্টসসহ অন্যান্য শিল্পে নিয়োজিত নারী শ্রমিকদের আবাসন সুবিধা সৃষ্টির লক্ষ্যে চাষাড়া, তেজগাঁ ও টঙ্গীতে একটি করে ১০ তলা বিশিষ্ট হোটেল ভবন নির্মাণের ১টি প্রকল্প গ্রহণ; এছাড়া পোশাক শিল্পে নিয়োজিত সকল শ্রমিকের নিরাপত্তা ও আবাসন সমস্যা সমাধানের জন্য ২ শতাংশ সার্ভিস চার্জে ডরমিটরী তৈরির জন্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অর্থ সহায়তার ঘোষণা;
- দেশের মৌসুমী ও প্রচ্ছন্ন বেকারত্ব দূরীকরণের জন্য অতিদরিদ্র মানুষের জন্য ৪০ দিনের কর্মসূচি গ্রহণ;
- তৈরি পোশাকসহ অন্যান্য শিল্পের শ্রমিকদের জন্য রেশনিং ব্যবস্থা প্রবর্তন;
- শ্রমিক অসন্তোষ নিরসনে ও শিল্পের নিরাপত্তার জন্য শিল্প পুলিশ গঠন ।

বৈদেশিক কর্মসংস্থান ও রেমিটেন্স


বৈদেশিক কর্মসংস্থান এবং প্রবাসীদের প্রেরিত অর্থ দেশের ক্রমবর্ধমান কর্মসূজনের পাশাপাশি বেকার সমস্যা হ্রাস, দারিদ্র বিমোচন, বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধিসহ দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিতকরণে ব্যাপক অবদান রাখছে। দেশের শ্রমশক্তির এক উল্লেখযোগ্য অংশ মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে কর্মরত আছে। গত ২০১৪-১৫ অর্থবছরে প্রায় ৪.৬১ লক্ষ বাংলাদেশী নাগরিক কাজের সন্ধানে বিদেশে গমন করেছেন। বৈদেশিক কর্মসংস্থান তথা শ্রমশক্তি রপ্তানিতে আর্থিক সহায়তা প্রদান ও প্রবাসী বাংলাদেশীদের দেশে বিনিয়োগ সুবিধা সম্প্রসারণসহ প্রবাসীদের কল্যাণার্থে সরকার প্রবাসী কল্যাণ ব্যাংক নামক বিশেষায়িত ব্যাংক প্রতিষ্ঠার ব্যবস্থা গ্রহণের পাশাপাশি আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার সাথে সঙ্গতিপূর্ণ এবং দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন পরিষদ-কে আরও কার্যকর করার উদ্যোগ গ্রহণ করেছে। ২০১৫-১৬ অর্থবছরে জুলাই-মার্চ পর্যন্ত সময়ে রেমিটেন্স এসেছে ১১,০৫৩.৪৩ মিলিয়ন মার্কিন ডলার যা পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ের তুলনায় শতকরা ১.৮২ শতাংশ কম। বিগত কয়েক বছরে প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত রেমিটেন্সের বছরভিত্তিক পরিসংখ্যান সারণি ৩.৫ এবং লেখচিত্র ৩.২ এ দেখানো হলোঃ

সারণি ৩.৫ঃ প্রবাসী বাংলাদেশী কর্মজীবীর সংখ্যা এবং প্রেরিত অর্থের পরিমাণ

অর্থবছর	কর্মজীবীর সংখ্যা (হাজার)	প্রেরিত অর্থের পরিমাণ			জিডিপি'র শতকরা হার
		কোটি টাকা	মিলিয়ন ডলার	প্রবৃদ্ধি (%)	
২০০৫-০৬	৩৮২	৩২২৭৪.৬০	৪৮০১.৮৮	২৪.৭৮	৬.৭
২০০৬-০৭	৮৩৩	৪১২৯৮.৫৪	৫৯৭৮.৪৭	২৪.৫০	৭.৫
২০০৭-০৮	৮৭৫	৫৪২৯৫.১৪	৭৯১৪.৭৮	৩২.৩৯	৮.৬
২০০৮-০৯	৮৭৫	৬৬৬৭৫.৫১	৯৬৮৯.১৬	২২.৪২	৯.৫
২০০৯-১০	৮২৭	৭৬০১৩.৯১	১০৯৮৭.৪	১৩.৪০	৯.৫
২০১০-১১	৮৩৯	৮৩০০৪.৬২	১১৬৫০.৩২	৬.০৩	৯.১
২০১১-১২	৬৯১	১০১৮৮২.৭৮	১২৮৪৩.৪	১০.২৪	৯.৬
২০১২-১৩	৮৪১	১১৫৬৪৬.১৬	১৪৪৬১.১৫	১২.৬০	৯.৬
২০১৩-১৪	৮০৯	১১০৫৮২.৩৭	১৪২২৮.৩	-১.৬১	৮.২
২০১৪-১৫	৮৬১	১১৮৯৯৩.১০	১৫৩১৬.৯১	৭.৭০	৭.৯
২০১৫-১৬*	৫০৩	৮৬১৮৯.৮৫	১১০৫৩.৪৩	-	-

উৎসঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ও বাংলাদেশ ব্যাংক। নোট: * (জুলাই ২০১৫-মার্চ, ২০১৬)

লেখচিত্র ৩.২ঃ জনশক্তি রপ্তানি ও রেমিট্যান্স প্রবাহের গতিধারা




সারণি ৩.৫ ও লেখচিত্র ৩.২ হতে প্রতীয়মান হয় যে, জনশক্তি রপ্তানির ধারা সাম্প্রতিক বছরগুলোতে কিছুটা হ্রাস পেলেও ২০১৩-১৪ অর্থবছর ব্যতীত রেমিটেন্স প্রবাহ ২০০৫-০৬ অর্থবছর থেকে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত ধারাবাহিকভাবে বৃদ্ধি পায়। যদিও চলতি ২০১৫-১৬ অর্থবছরের মার্চ পর্যন্ত পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় তা ১.৮২ শতাংশ হ্রাস পেয়েছে।

সাম্প্রতিক বছরগুলোতে রেমিটেন্সের পরিমাণ জিডিপি ও পণ্য রপ্তানি আয়ের শতকরা হারে বৃদ্ধি পেলেও গত ২০১৪-১৫ অর্থবছরে পূর্ববর্তী অর্থবছরের তুলনায় তা জিডিপি'র হারে কিছুটা হ্রাস পেয়েছে। তবে উক্ত রেমিটেন্সের পরিমাণ রপ্তানীর শতকরা হারে বৃদ্ধি পেয়েছে। ২০০৫-০৬ অর্থবছরে জিডিপি ও মোট পণ্য রপ্তানির শতকরা হারে রেমিটেন্সের পরিমাণ ছিল যথাক্রমে ৭.৭৫ শতাংশ ও ৪৫.৬২ শতাংশ। ২০১৪-১৫ অর্থবছরে রেমিটেন্সের পরিমাণ জিডিপি'র প্রায় ৭.৯ শতাংশে এবং মোট পণ্য রপ্তানির ৪৯.১০ শতাংশে এসে দাঁড়িয়েছে। সারণি ৩.৬ এবং লেখচিত্র ৩.৩ -এ জিডিপি ও পণ্য রপ্তানি আয়ের শতকরা হারে রেমিটেন্স দেখানো হলোঃ

সারণি ৩.৬: জিডিপি ও গণ্য রপ্তানি আয়ের শতকরা হার

অর্থবছর	২০০৫-০৬	২০০৬-০৭	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫
জিডিপি শতকরা হার	৭.৭৫	৮.৭২	৯.৯৫	১০.৮৩	১১.০০	১০.৫৫	১১.১১	১১.১৪	৮.২	৭.৯
রপ্তানির শতকরা হার	৪৫.৬২	৪৯.০৯	৫৬.০৯	৬২.২৫	৬৭.৮০	৫০.৬৪	৫২.৯২	৫৩.৫২	৪৭.১০	৪৯.১০

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও বাংলাদেশ ব্যাংক।



শ্রেণিভিত্তিক জনশক্তি রপ্তানি

জনশক্তি রপ্তানির ধরন অর্থাৎ পেশাগত দিক পর্যালোচনায় দেখা যায় যে, বিগত ১০ বছরে স্বল্পদক্ষ জনশক্তি রপ্তানির গড় হার মোট জনশক্তি রপ্তানির প্রায় ৫৬ শতাংশ। সারণি ৩.৭ -এ শ্রেণি ভিত্তিক জনশক্তি রপ্তানির পরিসংখ্যান তুলে ধরা হলো। উক্ত সারণি থেকে দেখা যাচ্ছে যে, সাম্প্রতিককালে পেশাজীবী জনশক্তি রপ্তানি উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। এছাড়া, গড় স্বল্পদক্ষ জনশক্তি রপ্তানি বৃদ্ধির হারও সন্তোষজনক।


সারণি ৩.৭: শ্রেণিভিত্তিক প্রবাসী বাংলাদেশীর সংখ্যা

সাল	পেশাজীবী	দক্ষ	আধা-দক্ষ	স্বল্পদক্ষ	মোট
২০০৬	৯২৫	১১৫৪৬৮	৩৩৯৬৫	২৩১১৫৮	৩৮১৫১৬
২০০৭	৬৭৬	১৬৫৩৪৪	১৮৩৭৫৪	৪৮২৮৩৫	৮৩২৬০৯
২০০৮	১৮৬৪	২৮১৪৪৪	১৩২৮১০	৪৪৭৩৩৮	৮৭৫০৫৫
২০০৯	১৪২৬	১৩৪২৬৫	৭৪৬০৪	২৫৫০৭০	৪৭৫২৭৮
২০১০	৩৮৭	৯০৬২১	১২৪৬৯	২৮৭২২৫	৩৯০৭০২
২০১১	১১৯২	২২৯১৪৯	২৮৭২৯	৩০৮৯৯২	৫৬৮০৬২
২০১২	৮১২	২০৯৩৬৮	২০৪৯৮	৩৭৭১২০	৬০৭৭৯৮
২০১৩	৬৮৯	১৩৩৭৫৪	৬২৫২৮	২১২২৮২	৪০৯২৫৩
২০১৪	১৭৩০	১৪৮৭৬৬	৭০০৯৫	১৯৩৪০৩	৪২৫৬৮৪
২০১৫	১৮২৮	২১৪৩২৮	৯১০৯৯	২৪৮৬২৬	৫৫৫৮৮১


উৎসঃ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

২০০৬ সালে শ্রেণিভিত্তিক পেশাজীবী জনশক্তি রপ্তানি ছিল মোট জনশক্তির প্রায় ০.২৪ শতাংশ, যা সাম্প্রতিক বছরগুলোতে কিছুটা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ০.৩৩ শতাংশে। পক্ষান্তরে, একই সময়ের ব্যবধানে দক্ষ জনশক্তি রপ্তানির হারের হ্রাস-বৃদ্ধি পরিলক্ষিত হয়। তবে ২০১৫ সালে পূর্ববর্তী বছরের তুলনায় দক্ষ জনশক্তি রপ্তানির হার বেশ কিছুটা বৃদ্ধি পেয়েছে। ২০০৬ সালে দক্ষ জনশক্তি রপ্তানি ছিল মোট জনশক্তি রপ্তানির প্রায় ৩০ শতাংশ যা ২০১৫ সালে দাঁড়িয়েছে ৩৯ শতাংশে। একইভাবে স্বল্পদক্ষ জনশক্তি রপ্তানির হার ৬১ শতাংশ থেকে উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ৪৫ শতাংশে।

লেখচিত্র ৩.৪ (ক) : ২০০৬ সালে শ্রেণিভিত্তিক প্রবাসী
বাংলাদেশীর সংখ্যা



লেখচিত্র ৩.৪ (খ): ২০১৫ সালে শ্রেণিভিত্তিক প্রবাসী
বাংলাদেশীর সংখ্যা



বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণের মান ও সুযোগ বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রয়েছে। একইসঙ্গে নানা প্রশিক্ষণ ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রমের মধ্যে সমন্বয় সাধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আওতায় ৬টি ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি এবং বিদ্যমান ৪৭টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ২০১৫ সালে ৪৮টি ট্রেডে প্রায় ১.১২ লক্ষ প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অধিকন্তু, নতুন ১৭ টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের পূর্তকাজ ইতোমধ্যেই সমাপ্ত হয়েছে। এছাড়া মুন্সীগঞ্জ, চাঁদপুর, বাগেরহাট, ফরিদপুর ও সিরাজগঞ্জ জেলায় একটি করে মোট ৫টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপনের কাজ এবং বিভিন্ন জেলায় ৩০টি নতুন টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (টিটিসি) স্থাপনের কাজ বাস্তবায়নাধীন রয়েছে।

দেশভিত্তিক জনশক্তি রপ্তানি ও রেমিটেন্স

বাংলাদেশের প্রবাসী জনশক্তির অধিকাংশই সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কুয়েত, ওমান, মালয়েশিয়া ও সিঙ্গাপুরে কর্মরত। এছাড়া বাহরাইন, কাতার, জর্ডান, লেবানন, দক্ষিণ কোরিয়া, ব্রুনাই, মরিসাস, যুক্তরাজ্য, আয়ারল্যান্ড ও ইতালিসহ অন্যান্য দেশেও বাংলাদেশী জনশক্তি কর্মরত রয়েছে। ২০০৬ থেকে ২০১৫ পর্যন্ত মোট জনশক্তি রপ্তানি পর্যালোচনা করলে দেখা যায় যে, গড়ে ৭০ শতাংশেরও বেশি জনশক্তি রপ্তানি হয়েছে মধ্যপ্রাচ্যের দেশসমূহে। সারণি ৩.৮ এবং লেখচিত্র ৩.৫ (ক) ও ৩.৫ (খ) -এ ২০০৬ সাল থেকে বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশী জনশক্তির রপ্তানির পরিসংখ্যান দেখানো হলোঃ


সারণি ৩.৮ঃ দেশভিত্তিক প্রবাসী বাংলাদেশী জনশক্তির সংখ্যা

সাল	সৌদিআরব	কুয়েত	ইউএই	বাহরাইন	ওমান	মালয়েশিয়া	সিঙ্গাপুর	কাতার	লেবানন	অন্যান্য	মোট
২০০৬	১০৯৫১৩	৩৫৭৭৫	১৩০২০৪	১৬৩৫৫	৮০৮২	২০৪৬৯	২০১৩৯	৭৬৯১	৮২১	৩২৪৬৭	৩৮১৫১৬
২০০৭	২০৪১১২	৪২১২	২২৬৩৯২	১৬৪৩৩	১৭৪৭৮	২৭৩২০১	৩৮৩২৪	১৫১৩০	৩৫৪১	৩৩৭৮৬	৮৩২৬০৯
২০০৮	১৩২১২৪	৩১৯	৪১৯৩৫৫	১৩১৮২	৫২৮৯৬	১৩১৭৬২	৫৬৮৫১	২৫৫৪৮	৮৪৪৪	৩৪৫৭৪	৮৭৫০৫৫
২০০৯	১৪৬৬৬	১০	২৫৮৩৪৮	২৮৪২৬	৪১৭০৪	১২৪০২	৩৯৫৮১	১১৬৭২	১৩৯৪১	৫৪৫২৮	৪৭৫২৭৮
২০১০	৭০৬৯	৪৮	২০৩৩০৮	২১৮২৪	৪২৬৪১	৯১৯	৩৯০৫৩	১২০৮৫	১৭২৬৮	৪৬৪৮৭	৩৯০৭০২
২০১১	১৫০৩৯	২৯	২৮২৭৩৯	৯৯৬	১৩৫২৬৫	৭৪২	৪৮৬৬৭	১৩১১১	১৯১৬৯	৫২৩০৫	৫৬৮০৬২
২০১২	২১২৩২	২	২১৫৪৫২	২১৭৭৭	১৮০৩২৬	৮০৪	৫৮৬৫৭	২৮৮০১	১৪৮৬৪	৬৫৮৮৩	৬০৭৭৯৮
২০১৩	১২৬৫৪	৬	১৪২৪১	২৫১৫৫	১৩৪০২৮	৩৮৫৩	৬০০৫৭	৫৭৫৮৪	১৫০৯৮	৮৬৫৭৭	৪০৯২৫৩
২০১৪	১০৬৫৭	৩০৯৪	২৪২৩২	২৩৩৭৮	১০৫৭৪৮	৫১৩৪	৫৪৭৫০	৮৭৫৭৫	১৬৬৪০	৯৪৪৭৬	৪২৫৬৮৪
২০১৫	৫৮২৭০	১৭৪৭২	২৫২৭১	২০৭২০	১২৯৮৫৯	৩০৪৮৩	৫৫৫২৩	১২৩৯৬৫	১৯১১৩	৭৫২০৫	৫৫৫৮৮১


উৎসঃ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

চলতি দশকে দেশভিত্তিক জনশক্তি রপ্তানি পরিস্থিতিরও ব্যাপক পরিবর্তন হয়েছে। ২০০৬ সালে মোট জনশক্তি রপ্তানির প্রায় ২৯ শতাংশ হয়েছে সৌদিআরবে এবং এ হার ২০১৫ -তে হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ১০ শতাংশে। পক্ষান্তরে, ২০০৬ সালে ওমানে প্রায় ২ শতাংশ কর্মী গমন করে এবং এ হার ২০১৫ সালে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ২৩ শতাংশে। ২০০৬ সালের তুলনায় ২০১৫ সালে সংযুক্ত আরব আমিরাতের জনশক্তি রপ্তানি প্রায় ৭ গুণ হ্রাস পেয়েছে। ২০০৬ সালে অন্যান্য দেশসমূহে মোট জনশক্তি রপ্তানি হয়েছে যেখানে ৯ শতাংশ, সেখানে ২০১৫ সালে তা বৃদ্ধি পেয়ে ১৪ শতাংশে পৌঁছেছে। এ থেকে প্রতীয়মান হচ্ছে যে, বাংলাদেশের বৈদেশিক শ্রমবাজার ক্রমান্বয়ে প্রসারিত হচ্ছে।

লেখচিত্র ৩.৫ (ক) : ২০০৬ সালে দেশভিত্তিক জনশক্তি রপ্তানির হার



লেখচিত্র ৩.৫ (খ) : ২০১৫ সালে দেশভিত্তিক জনশক্তি রপ্তানির হার



প্রবাসীদের প্রেরিত অর্থের সিংহভাগই আসে মধ্যপ্রাচ্যের দেশসমূহ হতে। তবে এক্ষেত্রে গত কয়েক বছর থেকে এককভাবে সৌদি আরবের পরেই সংযুক্ত আরব আমিরাত ও যুক্তরাষ্ট্রের অবস্থান। সারণি ৩.৯-এ ২০০৬-০৭ থেকে ২০১৫-১৬ অর্থবছর পর্যন্ত দেশভিত্তিক প্রবাসী বাংলাদেশী কর্মজীবীদের প্রেরিত অর্থের পরিমাণ এবং লেখচিত্র ৩.৬ -এ একই সময়ে দেশভিত্তিক রেমিট্যান্স আয়ে শতকরা হারের তুলনামূলক চিত্র দেখানো হলোঃ


সারণি ৩.৯ : দেশভিত্তিক প্রবাসী বাংলাদেশী কর্মজীবীদের প্রেরিত অর্থের পরিমাণ

(মিলিয়ন মার্কিন ডলার)

অর্থ বছর	সৌদিআরব	সংযুক্ত আরব আমিরাত	কাতার	ওমান	কুয়েত	মার্কিন যুক্তরাষ্ট্র	যুক্তরাজ্য	মালয়েশিয়া	সিঙ্গাপুর	অন্যান্য	সর্বমোট
২০০৬-০৭	১৭৩৪.৭	৮০৪.৮৪	২৩৩.১৭	১৯৬.৪৭	৬৮০.৭	৯৩০.৩৩	৮৮৬.৯	১১.৮৪	৮০.২৪	৪১৯.২৮	৫৯৭৮.৪৭
২০০৭-০৮	২৩২৪.২৩	১১৩৫.১৪	২৮৯.৭৯	২২০.৬৪	৮৬৩.৭৩	১৩৮০.০৮	৮৯৬.১৩	৯২.৪৪	১৩০.১১	৫৮২.৪৯	৭৯১৪.৭৮
২০০৮-০৯	২৮৫৯.০৯	১৭৫৪.৯২	৩৪৩.৩৬	২৯০.০৬	৯৭০.৭৫	১৫৭৫.২২	৭৮৯.৬৫	২৮২.২	১৬৫.১৩	৬৫৮.৮৮	৯৬৮৯.২৬
২০০৯-১০	৩৪২৭.০৫	১৪৫১.৮৯	৩৬০.১১	৩৪৯.০৮	১০১৯.১৮	১৮৯০.৩১	৮২৭.৫১	৫৮৭.০৯	১৯৩.৪৬	৮৮১.৭২	১০৯৮৭.৪
২০১০-১১	৩২৯০	২০০২.৬	৩১৯.৪	৩৩৪.৩	১০৭৫.৮	১৮৪৮.৫	৮৮৯.৬	৭০৩.৭	২০২.৩	৯৮৪.১	১১৬৫০.৩
২০১১-১২	৩৬৮৪.৩৬	২৪০৪.৭৮	৩৩৫.৩৩	৪০০.৯৩	১১৯০.১৪	১৪৯৮.৪৬	৯৮৭.৪৬	৮৪৭.৪৯	৩১১.৪৬	১১৮৩.০৩	১২৮৪৩.৪
২০১২-১৩	৩৮২৯.৪৫	২৮২৯.৪	২৮৬.৮৯	৬১০.১১	১১৮৬.৯৩	১৮৫৯.৭৬	৯৯১.৫৯	৯৯৭.৪৩	৪৯৮.৭৯	১৩৭০.৭৮	১৪৪৬১.১
২০১৩-১৪	৩১১৮.৮৮	২৬৮৪.৮৬	২৫৭.৫৩	৭০১.০৮	১১০৬.৮৮	২৩২৩.৩২	৯০১.২৩	১০৬৪.৬৮	৪২৯.১১	১৬৪০.৭৫	১৪২২৮.৩২
২০১৪-১৫	৩৩৪৫.২৩	২৮২৩.৭৭	৩১০.১৫	৯১৫.২৬	১০৭৭.৭৮	২৩৮০.১৯	৮১২.৩৪	১৩৮১.৫৩	৪৪৩.৪৪	১৮২৭.২১	১৫৩১৬.৯০
২০১৫-১৬*	১৯৭৫.১৩	১৭৬০.০৪	২৬১.৮৮	৫৯২.৯২	৬৭৮.৪৪	১৬৩৯.৫২	৫৪৮.৯২	৮৪৯.২৯	২৪৮.২৮	১২১৭.৮৬	৯৭৭২.২৮

উৎসঃ * ফেব্রুয়ারি, ২০১৬ পর্যন্ত। জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ও বাংলাদেশ ব্যাংক।

লেখচিত্র ৩.৬: ২০০৬-০৭ এবং ২০১৫-১৬ অর্থবছরে দেশভিত্তিক রেমিটেন্স আয়ের শতকরা হারের তুলনামূলক চিত্র



* * ফেব্রুয়ারি, ২০১৬ পর্যন্ত।

মোট রেমিটেন্স আয়ের একক অংশ হিসেবে সৌদি আরব এখনও শীর্ষে অবস্থান করলেও পরিবর্তিত অবস্থার পরিপ্রেক্ষিতে এ হার উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে। ২০০৬-০৭ অর্থবছরে সৌদি আরব থেকে মোট রেমিটেন্স এসেছে ২৯.০২ শতাংশ, যা ২০১৫-১৬ অর্থবছরের ফেব্রুয়ারি পর্যন্ত সময়ে এসে দাঁড়ায় ২০.২১ শতাংশে। পক্ষান্তরে, আলোচ্য সময়ে দ্বিতীয় স্থানে অবস্থানকারী সংযুক্ত আরব আমিরাত থেকে রেমিটেন্স আয় ১৩.৪৬ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ১৮.০১ শতাংশে উপনীত হয়েছে। একই সময়ে মালয়েশিয়া, ওমান, সিঙ্গাপুর ও মার্কিন যুক্তরাষ্ট্র থেকে রেমিটেন্স প্রবাহ বৃদ্ধি পেলেও কাতার, কুয়েত ও যুক্তরাজ্য থেকে রেমিটেন্স প্রবাহ হ্রাস পেয়েছে।

বৈদেশিক কর্মসংস্থান ও রেমিটেন্স বৃদ্ধির লক্ষ্যে গৃহীত পদক্ষেপ

বৈদেশিক কর্মসংস্থান, দক্ষ কর্মী তৈরি এ রেমিটেন্স বৃদ্ধির লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করা হয়েছেঃ

(ক) শ্রম বাজার সম্প্রসারণ

মধ্যপ্রাচ্য বাংলাদেশের অন্যতম প্রধান ও সুপরিচিত শ্রমবাজার। সাম্প্রতিক সময়ে এ অঞ্চলে সংঘটিত রাজনৈতিক অস্থিরতা ও শ্রমিকদের চাহিদা হ্রাস পাওয়ার পরিপ্রেক্ষিতে এ অঞ্চলে শ্রমশক্তি রপ্তানিতে বাংলাদেশকে বিশ কিছুটা সমস্যার মোকাবিলা করতে হচ্ছে। এ প্রেক্ষাপটে বিশ্বের অন্যান্য দেশে নতুন নতুন শ্রমবাজার সম্প্রসারণে সরকার ব্যাপক পদক্ষেপ গ্রহণ করেছে। সম্প্রতি মালয়েশিয়ার সাথে সরকারি ব্যবস্থাপনার পাশাপাশি বেসরকারি রিক্রুটিং এজেন্সির মাধ্যমে বাংলাদেশি কর্মী প্রেরণের বিষয়ে জি টু জি প্লাস চুক্তি স্বাক্ষরিত হয়েছে। শ্রমবাজার সম্প্রসারণের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে ইতোমধ্যেই একটি আলাদা শ্রমবাজার গবেষণা সেল গঠন করা হয়েছে। এরই ফলশ্রুতিতে হংকং, জাপান, জর্ডান, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, রাশিয়া, কানাডা, সুইডেন, দক্ষিণ আফ্রিকা, এ্যাঙ্গোলাসহ মোট ৬৩টি দেশে নতুন শ্রমবাজার সম্প্রসারিত হয়েছে। উল্লেখ্য জনশক্তি রপ্তানি নির্বিল্ল করার প্রয়াসে বোয়েসলকে শক্তিশালী করা হয়েছে। অধিকন্তু, শ্রমবাজার সম্প্রসারণের অংশ হিসেবে বর্তমানে ১০১টি পদ সম্বলিত ১২টি শ্রম উইং সৃজনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও বৈধ চ্যানেলে রেমিটেন্স প্রেরণ উৎসাহিত করা ও দ্রুততম সময়ে তা প্রাপকের নিকট পৌঁছানোর উদ্দেশ্যে সরকার প্রকল্প গ্রহণসহ বিদেশগামী কর্মীদের অভিবাসন ও সম্মানজনক চাকুরি নিশ্চিতকরণের জন্য নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে।

(খ) জি-টু-জি পর্যায়ে কর্মী প্রেরণ

মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশী কর্মীদের কর্মসংস্থানের জন্য বর্তমান সরকার নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করেছেঃ

- জর্ডানে বিনা খরচে গৃহকর্মী পাঠানো হচ্ছে এবং গার্মেন্টস খাতে ন্যূনতম ব্যয়ে নারী কর্মী প্রেরণ করা হচ্ছে।
- স্বল্প খরচে বিএমইটি এবং বোয়েসলের মাধ্যমে জর্ডান, হংকং, সিঙ্গাপুরসহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশে নারী কর্মী প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

- দক্ষিণ কোরিয়ায় বিমান ভাড়াসহ প্রায় ৬৮,০০০ টাকা ব্যয়ে কর্মী প্রেরণ করা হচ্ছে।
- হংকং, সিংগাপুরসহ অন্যান্য দেশে জি-টু-জি প্রক্রিয়ায় কর্মী প্রেরণের বিষয়ে চুক্তি/সমঝোতা স্মারক স্বাক্ষরের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

(গ) প্রবাসী কল্যাণ ব্যাংক স্থাপন

বিদেশ গমনেচ্ছু কর্মীদের সহায়তা দিতে ও বিদেশ হতে প্রত্যাগত কর্মীদের পুনঃকর্মসংস্থানে আর্থিক সহায়তা দিতে ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিলের অর্থায়নে স্থাপিত প্রবাসী কল্যাণ ব্যাংক একটি বিশেষায়িত ব্যাংক। প্রবাসী কল্যাণ ব্যাংক হতে প্রতি বছর উল্লেখযোগ্য সংখ্যক বিদেশগামী কর্মীকে অভিবাসন ঋণ প্রদান করা হচ্ছে।

(ঘ) অভিবাসী কর্মীদের জন্য কল্যাণমূলক কার্যক্রম

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আওতাধীন স্থাপিত কল্যাণ শাখা প্রবাসে কর্মরত অবস্থায় মৃত বাংলাদেশী কর্মীদের মৃতদেহ দেশে আনয়ন, মৃতের লাশ পরিবহণ ও দাফন বাবদ আর্থিক সাহায্য প্রদান, প্রবাসে কর্মরত অবস্থায় মৃত কর্মী বিদেশ হতে মৃত্যুজনিত কারণে কোন ক্ষতিপূরণ না পেলে উক্ত মৃতের পরিবারকে আর্থিক অনুদান প্রদান, নিয়োগকর্তার নিকট হতে প্রাপ্য মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায়, ইন্স্যুরেন্স ও বকেয়া বেতনের অর্থ আদায়, বিদেশগামী কর্মীদের ব্রিফিং প্রদান, বিদেশে আটকা পড়া কর্মীদের দেশে ফেরত আনয়ন, বিমান বন্দরের প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে বিদেশগামী কর্মীদের নিরাপদে বিদেশ গমন এবং প্রত্যাবর্তনে সহায়তা প্রদানের মত বিভিন্ন কল্যাণমুখী কার্যক্রম সম্পন্ন করে থাকে। এছাড়াও বিদেশে বসবাসকারী বাংলাদেশী কর্মীদের কল্যাণে বিদেশস্থ বাংলাদেশী দূতাবাসের পাশাপাশি শ্রম উইং কাজ করছে। এ শ্রম উইংগুলো বিশ্বের বিভিন্ন দেশে শ্রম বাজার সম্প্রসারণ ও অভিবাসী কর্মীদের কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

(ঙ) বহির্গমন প্রক্রিয়া আধুনিকায়ন

রিক্রুটিং এজেন্সি এবং মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম হাস ও প্রতারণা রোধে ডিজিটাল পদ্ধতিতে ফিংগার প্রিন্টসহ বিদেশগামী কর্মীর যাবতীয় তথ্য ডাটাবেজে নিবন্ধন করা হচ্ছে। ডাটাবেজ নেটওয়ার্ক ব্যবহার করে স্মার্ট কার্ডের সাহায্যে বহির্গমন ছাড়পত্র প্রদান করা হচ্ছে। স্মার্ট কার্ডে রেকর্ড থাকার কারণে বিমানবন্দরে স্বয়ংক্রিয়ভাবে কর্মীর এমবারকেশন কার্ড প্রিন্ট হওয়ার ফলে বিমান বন্দরে কর্মীদের হয়রানি অনেকাংশে বন্ধ হয়েছে।

(চ) অভিবাসী ব্যয় নিয়ন্ত্রনে নতুন আইন প্রণয়ন

অভিবাসী ব্যয় কমানো এবং বৈধ রিক্রুটিং এজেন্সি সমূহের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে ‘বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩’ নামে একটি নতুন আইন প্রণয়ন করা হয়েছে। উক্ত আইনে উচ্চ অভিবাসন ব্যয় গ্রহণকারী বা অসাধু রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে কারাদন্ড ও অর্থদন্ডের বিধান রাখা হয়েছে। এছাড়া ২০০৬ সালে প্রণীত বৈদেশিক কর্মসংস্থান নীতিমালা যুগোপযোগী করে বৈদেশিক কর্মসংস্থান নীতিমালা -২০১৫ প্রণয়ন করা হয়েছে।

(ছ) বৈধ চ্যানেলে রেমিট্যান্স প্রেরণ উৎসাহিতকরণ

বৈধ চ্যানেলে রেমিট্যান্স প্রেরণ উৎসাহিতকরণে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করা হয়েছেঃ

- গ্রাহকের নিকট রেমিট্যান্স সরাসরি পৌঁছানোর লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংকগুলোর সাথে বিদেশি এক্সচেঞ্জ হাউজের ড্রয়িং ব্যবস্থা স্থাপন উৎসাহিত করা হচ্ছে। বর্তমানে ১,১১৭টি ড্রয়িং ব্যবস্থা কার্যকর রয়েছে এবং সেগুলো রেমিট্যান্স আহরণে উল্লেখযোগ্য অবদান রাখছে।

- ট্রান্সফার ফি ও এক্সচেঞ্জ রেট মার্জিন কমানোর লক্ষ্যে রেমিট্যান্স প্রেরণকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে প্রতিযোগিতা বৃদ্ধির জন্য বহুজাতিক মানি ট্রান্সফার কোম্পানির সাথে বাংলাদেশী বাণিজ্যিক ব্যাংকগুলোর স্বাক্ষরিত চুক্তিতে Pay Cash Exclusivity Clause বা অনুরূপ শর্ত যা বাজারে Monopoly সৃষ্টি করতে পারে তা অন্তর্ভুক্ত না করার জন্য ব্যাংকগুলোকে নির্দেশনা প্রদান করা হয়েছে।
- বাংলাদেশী ব্যাংকগুলোর বিদেশে এক্সচেঞ্জ হাউজ প্রতিষ্ঠায় একটি নীতিমালা প্রণয়ন করা হয়েছে যার ভিত্তিতে বাংলাদেশী বিভিন্ন ব্যাংকের ৩৪টি নিজস্ব এক্সচেঞ্জ হাউজ বিভিন্ন দেশে (ইউকে, ইউএসএ, অস্ট্রেলিয়া, সিঙ্গাপুর, মালয়েশিয়া, গ্রীস, ইতালী, কানাডা, ওমান ও মালদ্বীপ) কার্যক্রম পরিচালনা করছে।
- ব্যাংক শাখার পাশাপাশি ২৭টি Micro Finance Institutions (MFIs) এর শাখা অফিস ও বাংলাদেশ পোস্ট অফিসের শাখা অফিসসমূহকে ও সিঙ্গারের আউটলেটগুলোকে রেমিট্যান্স বিতরণের মাধ্যম হিসাবে ব্যবহারের অনুমোদন দেয়া হয়েছে। এ সকল প্রতিষ্ঠান প্রত্যন্ত এলাকায় অবস্থিত তাদের শাখাসমূহের মাধ্যমে দ্রুত রেমিট্যান্স বিতরণে সহায়ক ভূমিকা পালন করছে। সম্প্রতি সিঙ্গার বাংলাদেশ এর বিক্রয় আউটলেটসমূহের মাধ্যমেও রেমিট্যান্সের অর্থ বিতরণ শুরু করা হয়েছে।
- রেমিট্যান্স বিতরণের নেটওয়ার্ক আরও সম্প্রসারণের উদ্যোগ হিসেবে সম্প্রতি বাংলাদেশী ২৪টি ব্যাংককে রেমিট্যান্সের অর্থ Mobile Operator দের মাধ্যমে বিতরণের অনুমোদন দেয়া হয়েছে। ১৮টি ব্যাংক ইতোমধ্যে তাদের মোবাইল ব্যাংকিং কার্যক্রম চালু করেছে।
- রেমিট্যান্স প্রবাহে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ড্রয়িং ব্যবস্থার আওতায় রেমিট্যান্সের অর্থ বেনিফিসিয়ারী পর্যায়ে বিতরণের সর্বোচ্চ সময়সীমা ৭২ ঘন্টা হতে কমিয়ে ২ কার্যদিবস পুনঃনির্ধারণ করা হয়েছে।
- বাংলাদেশে বৈদেশিক মুদ্রার অন্তর্মুখী প্রবাহ বৃদ্ধি তথা অধিক রেমিট্যান্স প্রেরণকে উৎসাহিত করার লক্ষ্যে অনিবাসী/প্রবাসী বাংলাদেশী ওয়েজ আর্নারদের জন্য সরকার কর্তৃক বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশী)/CIP (Non Resident Bangladeshi) এবং বিশেষ নাগরিক সুবিধা প্রদানের ব্যবস্থা অব্যাহত রয়েছে।
- প্রবাসী বাংলাদেশী বা এদেশীয় উপকারভোগী কর্তৃক রেমিট্যান্স বিষয়ক কোন অভিযোগ থাকলে তা সরাসরি বাংলাদেশ ব্যাংকে জানানোর জন্য ‘গ্রাহক স্বার্থ সংরক্ষণ কেন্দ্র’ স্থাপন করা হয়েছে।
- প্রবাসীদের বিনিয়োগে তিনটি এনআরবি ব্যাংক বাণিজ্যিক প্রতিষ্ঠার লাইসেন্স দেয়া হয়েছে এবং ব্যাংকগুলো বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করেছে।